সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর

অর্ধ-বার্ষিক পরীক্ষা ২০২১

বিষয়: বাংলা প্রথম পত্র ( ১০১)

পূর্ণমান: ৭০ সময়: ২ঘণ্টা ৩০মিনিট

প্রতিটি বিভাগ থেকে কমপক্ষে একটি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।

(উত্তর লেখার সময় সাধু-চলিতের মিশ্রণ বর্জনীয়)

## ক বিভাগ-গদ্য

১। বই মেলায় প্রতি বছর প্রায় চার হাজার নতুন বই বের হচ্ছে। এই যে হাজের হাজার বই বের হচ্ছে বই মেলা উপলক্ষে এর যেমন ভালো দিক রয়েছে ঠিক তেমনি মন্দ দিকও আছে। ভালোর চেয়ে বরং মন্দ দিকই বেশি। মানসম্মত বইয়ের ঘাটতিটাই মূলত মন্দ দিক। তাড়াহুড়া করে বই বের করতে গিয়ে বইয়ের মান ধরে রাখা কঠিন হয়ে পরছে। যথাযথ প্রক্রিয়ার মধ্য দিয়ে প্রকাশিত না হওয়ায় অনেক বই মানহীন বইয়ের কাতারে চলে যাচ্ছে। এটি আমাদের শংকায় ফেলছে, যা বাংলা সাহিত্য চর্চার জন্যও ভালো লক্ষণ নয়।

ক) সাহিত্যসম্রাট কে? ১

খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় লেখাকে কিছুকাল ফেলে রাখতে বলেছেন কেন? ২

গ) উদ্দীপকে সংশ্লিষ্ট রচনার কোন দিকটির ব্যত্যয় ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে বর্ণিত সাহিত্যের উৎকর্ষ সাধনে “বাঙ্গালার নব্য লেখকদিকের প্রতি নিবেদন” রচনায় লেখকের পরামর্শ বিশ্লেষণ কর। ৪

২। আনিকা ও মোহিত দীর্ঘদিন হতে একই প্রতিষ্ঠানে চাকরি করে। কিন্তু তাদের মনের গভীর বেদনা কেউ জানে না। আনিকাকে নিজে পছন্দ করে বিয়ে করতে চেয়েছিল মোহিত। বছর সাতেক আগে লোক খাওয়ান নিয়ে বিয়ে ভেঙ্গেছে তাদের। পিতৃহীন মোহিত চাচার আশ্রয়ে বড় হয়েছে বলে কোন প্রতিবাদ করতে পারেনি তখন। এ অসহায় অবস্থার কথা একদিন আনিকার কাছে তুলে ধরে সে। বলে, তার জন্য জনম জনম অপেক্ষা করবে। একটা দীর্ঘশ্বাস ফেলে আনিকা বলে, “কী দরকার এর, এই তো বেশ আছি।”

ক) ধনী কন্যা মামার অপছন্দ কেন? ১

খ) “ঠাট্টার সম্পর্কটকে স্থায়ী করবার ইচ্ছা আমার নাই।”- উক্তিটি কেন করা হয়েছে? ২

গ) উদ্দীপকের মোহিত ‘অপরিচিতা’ গল্পের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে? বুঝিয়ে লিখ। ৩

ঘ) “উদ্দীপকের শেষ উক্তিটিই তোমার পঠিত গল্পের পরিণতিরূপে প্রতিফলিত”- উক্তিটি মূল্যায়ন করো। ৪

৩। বেদেপল্লির সুন্দরী রমণী জ্যোস্নাকে বিয়ে করে হানিফ। হানিফের বিত্তশালী বাবা সেটা জানতে পেরে হানিফকে সাফ জানিয়ে দেন, ঐ মেয়ে ঘরে আনলে তিনি তাঁর সমস্ত সম্পত্তি অন্যত্র দান করে যাবেন। সম্পত্তির একটুও সন্তানকে দিবেন না। এ কথা শুনে জ্যোস্নাকে ত্যাগ করে হানিফ।

ক) অকালকুষ্মাণ্ড অর্থ কী ? ১

খ) “ওরে বাপরে, আমি একলা থাকতে পারব না।”- উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ) ‘বিলাসী’ গল্পের মৃত্যুঞ্জয়ের সাথে উদ্দীপকের হানিফের চারিত্রিক পার্থক্য নিরূপণ কর। ৩

ঘ) “যে প্রেম মৃত্যুঞ্জয়কে জাত ছাড়া করেছিল, সে প্রেম হানিফের ছিল না।”- উক্তিটির যাথার্থতা তুলে ধর। ৪

৪। মালেক সাহেব চাকরি হতে অবসর গ্রহণ করার পর ‘মাটির মায়া’ নামে একটি সেবামূলক প্রতিষ্ঠান গড়ে তুলেন। বিভিন্ন সমাজসেবামূলক কাজ, দুর্নীতিবিরোধী প্রচারণা, মাদকবিরোধী প্রচারণা, নৈতিক ও বয়স্কশিক্ষা প্রদানই তাঁর সংগঠনের কাজ। এ জন্য অনেক প্রশংসা যেমন তিনি অর্জন করেছেন, তেমনি অনেক নিন্দাও কুড়িয়েছেন। তবুও থেমে থাকেননি তিনি। কারণ তিনি জানেন, তিনি সত্য ও সুন্দরের পথেই আছেন।

ক) কবি কাজী নজরুল ইসলাম কোনটিকে নমস্কার জানিয়েছেন? ১

খ) “একমাত্র মিথ্যার জলই এ শিখাকে নিভাতে পারবে।”- কথটি বুঝিয়ে লিখ। ২

গ) উদ্দীপকের মূলভাবের সাথে ‘আমার পথ’ প্রবন্ধের সাদৃশ্য যাচাই কর। ৩

ঘ) “মালেক সাহেবের মতন মানুষ সমাজে বেশি থাকলে সমাজের উন্নয়ন সম্ভব।”- তোমার পঠিত প্রবন্ধের আলোকে বিষয়টি আলোচনা কর। ৪

## **খ বিভাগ**- পদ্য

**৫।** আকাশ আমায় শিক্ষা দিল / উদার হতে ভাই রে,
কর্মী হবার মন্ত্র আমি/ বায়ুর কাছে পাইরে।

ক) জসীমউদদীন কী হিসেবে সমধিক পরিচিত ? ১

খ) কবিতায় কবি কার ঘর বাঁধতে চেয়েছেন ? কেনো চেয়েছেন ? ২

গ) উদ্দীপকের শেষ দুই চরণ ‘প্রতিদান’ কবিতার কোন দিকটিকে নির্দেশ করে ? ৩

ঘ) উদ্দীপকের কবির চেতনা তোমার পঠিত কবিতার চেতনার সমান্তরাল।” -মন্তব্যটি বিচার কর। ৪

৬। আমরা প্রতিমুহূর্তে মৃত্যুর প্রতীক্ষা করতাম। সবসময় মনে হতো কেউ যেন দরজায় কড়া নাড়ছে। প্রায়ই ঘুমের ভেতর চিৎকার করে উঠতাম মাঝরাতে। বধ্যভূমির ধারে বেঁধে রাখা জীবজন্তুর অনুরূপ আতঙ্ককে জেনেছি নিত্যসঙ্গী হিসেবে।

ক) ইন্দ্রানী-সুত কে? ১

খ) কবি নিজেকে মহাপ্রলয়ের নটরাজ বলেছেন কেন? ২

গ) উদ্দীপকটি 'বিদ্রোহী' কবিতার কোন দিকটিকে নির্দেশ করেছ? ব্যাখ্যা কর। ৩

ঘ) "আত্মজাগরণের চেতনার দিক থেকে উদ্দীপকের মূলভাব, 'বিদ্রোহী' কবিতার মূলভাবের সঙ্গে একসূত্রে গাঁথা।" -মন্তব্যটির যাথার্থতা যাচাই কর। ৪

৭। তার বুকটা ফেটে একটা নিঃশ্বাস বেরিয়ে এলো। ঐ শিক্ষকটি নিশ্চয়ই গোপনে মুক্তিযুদ্ধের সঙ্গে জড়িত ছিলো। ওর কপাল মন্দ, ব্যাপারটি কোনভাবে পাক আর্মির কাছে ফাঁস হয়ে গেছে। ফাঁস করে দেবার মতন দালাল, রাজাকারদের তো আর অভাব নেই দেশে। নাকি, দেশের কাজ করতে গেলে এভাবে জীবন দিতেই হবে ? কপাল মন্দ বলছি কেন? এতো ঐ লোকটির জন্য গৌরবের কথা।

ক) 'রক্ষোরথী' মানে কী? ১

খ) মেঘনাদ লক্ষ্মণকে যমালয়ে পাঠাতে চায় কেন? ২

গ) উদ্দীপকের শিক্ষকের সাথে 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের দালাল, রাজাকাররা তোমার পঠিত কবিতার বিভীষণের প্রতিরূপ।"- উক্তিটি বিশ্লেষণ কর। ৪

## গ বিভাগ- সহপাঠ

৮। বনজংগলে ঘেরা বেরিবাইদ গ্রামটি বাংলাদেশের একটি অবহেলিত জনপদ। এ গ্রামের শিক্ষিত যুবক আনোয়ার গ্রামের মানুষের মাঝে শিক্ষার আলো ছড়িয়ে দেবার মানসে একটি নৈশবিদ্যালয় স্থাপন করতে চেয়েছিল। কিন্তু তার সেই স্বপ্ন ধূলিস্যাৎ হয়ে যায় কোন এক অপশক্তির কাছে।

ক) খালেক ব্যাপারী কে? ১

খ) "গ্রামের মানুষগুলো যেন রহিমারই অন্য সংস্করণ।"-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের আনোয়ার 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের সদৃশ? এ দুই চরিত্রের সাদৃশ্য দেখাও। ৩

ঘ) উদ্দীপকের অপশক্তি 'লালসালু' উপন্যাসের কোন শক্তিকে নির্দেশ করে? সেই শক্তির উৎস সম্পর্কে মতামত দাও। ৪

৯। আবুল তার ডান পায়ের বুড়ো আঙ্গুলে ব্যথা পেয়ে পা ঝাড়া দিলে জঙ্গলের ভেতর ভারি কিছু একটা সড়সড় করে চলে যেতে দেখল। সে ছুটে মাঠে না গিয়ে আমবাগানে সিরাজের কাছে গেল। সিরাজ বলে, সে সাপের বিষ নামাতে পারে। আবুলের পায়ে জোরে বাঁধন দিয়ে সিরাজ খানিকক্ষণ কী যেন পড়ে। কিন্তু আবুল ক্রমশ ঝিমিয়ে পড়ে। আমবাগান থেকে সিরাজসহ কয়েকজন তাকে ধরে ধরে বাড়ি নিয়ে এলে ক্লান্ত আবুল মেঝের উপর চিৎ হয়ে এলিয়ে পড়ে। তার চোখ প্রায় স্থির।

ক) "তোমার জন্য আমার মায়া হয়।" — কথাটি মজিদ কাকে বলে? ১

খ) মজিদ জমিলাকে মাজারের খুঁটির সঙ্গে বেঁধে রাখে কেন? ২

গ) উদ্দীপকের ঘটনাটি 'লালসালু' উপন্যাসের কোন বিষয়ের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ) "বিষয়গত সাদৃশ্য থাকলেও উদ্দীপকের তুলনায় উল্লিখিত উপন্যাসের বিষয়বৈচিত্র্য ও জীবনভাবনার গভীরতা ব্যাপক" —মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

১০।

ঐ দেখ, ওই যেন চিত্রিত প্রাচীর, /ওই তব সৈন্যগণ
দাঁড়াইয়া অকারণ, /গণিতেছে লহরী কী রণ-পয়োধির?
দেখিছ না সর্ব্বনাশ সম্মুখে তোমার? /যায় বঙ্গ-সিংহাসন,
যায় স্বাধীনতা-ধন, /যেতেছে ভাসিয়া সব, কি দেখিছ আর?

ক) কমবখৎ শব্দের অর্থ কী? ১

খ) "আমার নালিশ আজ আমার নিজের বিরুদ্ধেই।"- কে, কেন এ কথা বলেছেন ? ২

গ) তোমার পাঠ্যবইয়ের পঠিত নাটকের কোন ঘটনার সাথে উদ্দীপকটির সাদৃশ্য রয়েছে ? ৩

ঘ) উদ্দীপকে উল্লিখিত সেনাপতি ও সেনাদের নির্লিপ্ততাই 'সিরাজউদ্দৌলা' নাটকের নবাবের পরাজয়ের অন্যতম কারণ।"- মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

১১। দাম্পত্য জীবনের কয়েকবছর অতিবাহিত হতেই আয়েশার স্বামী মারা যায়। আয়েশাকে আশ্রয় দেয় তার দেবরের ছেলে মোতাহার। সে আয়েশাকে নিজের মায়ের মতোই সম্মান করে। ছেলের মতো সব চাহিদা পূরণ করে মোতাহার। কিন্তু আয়েশা তাতে তুষ্ট নয়। সে চায় মোতাহারের সমস্ত স্থাবর- অস্থাবর সম্পত্তি। মোতাহারের শত্রুদের সাথে হাত মিলিয়ে আয়েশা মোতাহারকে হত্যা করে এবং তার সব সম্পত্তির মালিক হয়ে উঠে।

ক) ফরাসি সেনাপতির নাম কী? ১

খ) উমিচাঁদ কেন নিজেকে 'দওলতের পূজারি' হিসেবে জাহির করে? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের আয়েশার সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রে মিল রয়েছে?- বিশ্লেষণ কর। ৩

ঘ) "ঘরের শত্রু বিভীষণ" কথাটির যাথার্থতা উদ্দীপক ও নাটকের আলোকে বিচার কর। ৪